# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date 25-04-2025** **Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) পাহেলগাঁও জঙ্গি হামলার পরিপ্রেক্ষিতে স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ সব রাজ্যের মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহনও রাজ্যগুলির মুখ্য সচিবদের সঙ্গে ভিডিও কনফারেন্সে কথা বলেছেন।

২) কেন্দ্রীয় সরকার পাটজাত পণ্যের উৎপাদন দু থেকে তিন লক্ষ টন পর্যন্ত বৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়েছে।

৩) বিধাননগরের এস এস সি ভবনের সামনে থেকে অবস্থান তুলে নিয়েছেন চাকরি হারা শিক্ষকরা ।

৪) মুর্শিদাবাদ ও জঙ্গিপুরের পুলিশ সুপারদের বদলি করা হয়েছে।

৫) উত্তর সিকিমে প্রাকৃতিক দুর্যোগ ও লাগাতার বৃষ্টির জেরে লাচেন ও লাচুং-এ অনেক পর্যটক আটকে আছেন।

৬) কন্টেন্ট তৈরির জগতে এক নতুন দিকের সূচনা করতে চলেছে ওয়ার্ল্ড অডিও – ভিসুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিট ওয়েবস্।

০০০০০০০০০০০০০০০০০

পহেলগাঁও জঙ্গি হামলার প্রেক্ষিতে পাকিস্তানী নাগরিকদের জারি করা ভিসা প্রত্যাহারের সিদ্ধান্ত নেওয়ার একদিন পর স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আজ সব রাজ্যের মুখ্যমন্ত্রীদের সঙ্গে কথা বলেছেন। রাজ্যে থাকা পাকিস্তানী নাগরিকদের চিহ্নিত করতেও বলা হয়েছে। সূত্রের খবর ওই সব পাক নাগরিকদের দ্রুত সেদেশে ফিরে যাওয়ার বিষয়টি সুনিশ্চিত করতে মুখ্যমন্ত্রীদের পদক্ষেপ গ্রহণ করতে বলেছে শ্রী শাহ্ ।

০০০০০০০০০০০০০০০০০০০০

পহেল গাওয়ের ঘটনার পরে এদেশে আসা পাকিস্তানিদের নিজেদের দেশে ফেরাতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব গোবিন্দ মোহন সব রাজ্য এর মুখ্য সচিবদের সঙ্গে আজ ভিডিও কনফারেন্স করেন। ওই বৈঠকে উপস্থিত ছিলেন এ রাজ্যের মুখ্য সচিব মনোজ পন্থ।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র সচিব বৈঠকে জানিয়েছেন সাধারণ ভিসা যাদের রয়েছে সেই সব পাকিস্তানিদের ২৭ এপ্রিলের মধ্যে ভারত ছেড়ে চলে যেতে হবে। এ ছাড়া যারা মেডিকেল ভিসা অর্থাৎ চিকিৎসা করার জন্য এ দেশে এসেছেন তাদের ২৯ শে এপ্রিলের মধ্য রাতের মধ্যে এদেশ ছেড়ে চলে যেতে হবে।

শুধুমাত্র ডিপ্লোম্যাটিক অথবা লং টার্ম ভিসা নিয়ে যারা এসেছেন তাদের ভারতে থাকার আপাতত অনুমতি দেওয়া হবে। এক্ষেত্রে রাজ্যগুলিকে কি করতে হবে তার জন্য লিখিত নির্দেশিকা পাঠানো হচ্ছে । ইতিমধ্যেই নবান্ন এর পক্ষ থেকে এ ব্যাপারে জেলা প্রশাসন গুলিকে জানিয়ে দেওয়া হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

জম্মু-কাশ্মীরের পহেলগাঁ-এ জঙ্গি হানায় নিহত পুরুলিয়ার ঝালদার বাসিন্দা মণিশরঞ্জন মিশ্রের বাড়িতে আজ যান কেন্দ্রীয় প্রতিরক্ষা প্রতিমন্ত্রী রাঁচির সাংসদ সঞ্জয়

সেন, তার সঙ্গে ছিলেন বিজেপি-র পুরুলিয়ার জেলা সভাপতি শঙ্কর মাহাতো। মন্ত্রী পরিবারের পাশে থাকার আশ্বাস দেন। মণীশবাবুর পরিবারের পক্ষ থেকে ঘটনায় জড়িতদের কঠোর শাস্তির দাবি জানানো হয়েছে। মণীশবাবুর ভাই, রাহুলরঞ্জন মিশ্র বলেন, মন্ত্রীর কাছে নিহতের স্ত্রী ও পরিবারের জন্য সাহায্য চাওয়া হয়েছে।

অন্যদিকে, ঝাড়খন্ডের কৃষিমন্ত্রী নেহা তীরকিও আজ ঝালদায়া মণীশবাবুর বাড়িতে যান। তাঁর সঙ্গে ছিলেন, ঝাড়খন্ডের বিধায়ক ও অন্য কয়েকজন আধিকারিক। তিনি ঝাড়খন্ড সরকারের তরফে নিহতের পরিবারকে সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন।

উল্লেখ্য, পহেলগাঁও-এ জঙ্গি হানায় নিহত মণীশবাবুর দেহ গতকাল রাঁচি হয়ে ঝালদায় নিয়ে আসা হয়। সেখানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

ooooooooooooooooo

কাশ্মীরের পহেল গাঁওয়ের ঘটনা নিয়েও এখানে রাজনীতি করা হচ্ছে বলে রাজ্যের পুর ও নগরোন্নয়ন মন্ত্রী তথা কলকাতা পুর সভার মেয়র ফিরহাদ হাকিম অভিযোগ করেছেন। পুর ভবনে আজ সংবাদিক বৈঠকে ফিরহাদ হাকিম বলেন, জঙ্গি মোকাবিলায় ভারতের যে সেনা শহীদ হয়েছেন তার পরিচয় হিন্দু বা মুসলমান নয়। তার পরিচয় সে একজন ভারতীয় সেনা।জঙ্গি মোকাবেলায় একজন ভারতীয় সেনা প্রাণ হারিয়েছেন, শহীদ হয়েছেন।

ooooooooooooooooooo

কাশ্মীরের উধমপুরে জঙ্গিদের সঙ্গে গুলির লড়াই-এ শহীদ সেনা জওয়ান নদীয়ার তেহট্টর পাথরঘাটার বাসিন্দা ঝন্টু আলি শেখ-এর মরদেহ আগামীকাল তার বাড়িতে নিয়ে আসা হবে। সেখানে পশ্চিমপাড়ার ঈদগায় রাখা হবে জনগণের শেষ শ্রদ্ধা জানানোর জন্য। পরে পাথরঘাটার কারবালা ময়দানে ঝন্টু আলির দেহ সমাহিত করা হবে বলে পারিবারিক সূত্রে জানা গেছে।

এদিকে, তাঁকে আজ জম্মু সেনা হাসপাতালে শেষ শ্রদ্ধা জানানো হয়। গানস্যালুটের মধ্য দিয়ে শ্রদ্ধা নিবেদন করেন সেনা বাহিনীর কর্মী ও আধিকারিকরা।

অন্যদিকে, প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী, বিধায়ক নওসাদ সিদ্দিকী, নদীয়া জেলা পরিষদের সভাধিপতি তারান্নুম সুলতানা মীর প্রমুখ আজ ঝন্টু আলি শেখ-এর বাড়িতে গিয়ে তাঁর পরিবারের সদস্যদের সমবেদনা জানান। অধীরবাবু কেন্দ্রকে এব্যাপারে ইতিবাচক ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন।

(বাইট – অধীর)

বন্টুর বাবা সবুর আলি শেখ ছেলের মৃত্যুর তদন্ত ও দোষীদের শাস্তির দাবি জানিয়েছেন।

(বাইট- বাবা)

উল্লেখ্য ৬ নম্বর প্যারাস্যুট রেজিমেন্টের বিশেষ বাহিনীর সদস্য ঝন্টু ২০০৮-এ সামরিক বাহিনীতে যোগ দেন। জঙ্গিদের সঙ্গে লড়াইয়ের সময় তিনি গুলিবিদ্ধ হন। ঘটনাস্থলেই প্রাণ হারান তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০

পহেলগাঁও-তে জঙ্গী হামলার ঘটনায় উত্তেজনার মধ্যেই, সীমান্তরক্ষী বাহিনী BSF-এর এক সেনা জওয়ানকে আটক করেছে পাক রেঞ্জার্স। পি কে সাউ নামে ওই জওয়ান, হুগলীর রিষড়ার বাসিন্দা। গতকাল ভুলবশত তিনি ফিরোজপুর সীমান্তে পাক নিয়ন্ত্রিত এলাকায় ঢুকে পড়েন।

এদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার আজ রিষড়ায় সাউ-এর বাড়িতে গিয়ে তার পরিবারের সদস্যদের সঙ্গে কথা বলেন। তার দল পরিবারের পাশে আছে বলে আশ্বাস দেন শুভঙ্করবাবু।

পি কে সাউ যাতে নিরাপদে ফিরে আসেন সেই কামনাও করেছেন তিনি।

oooooooooooooooooo

মুর্শিদাবাদ ও জঙ্গিপুর পুলিশ জেলার পুলিশ সুপারদের বদলি করা হয়েছে। মুর্শিদাবাদের পুলিশ সুপার পদে ছিলেন সূর্যপ্রতাপ যাদব। তাঁকে কোচবিহারের নারায়ণী ব্যাটেলিয়নের দায়িত্বে পাঠানো হয়েছে। মুর্শিদাবাদের নতুন পুলিশ সুপার হচ্ছেন কুমার সন্নি রাজ। তিনি রাণাঘাটের পুলিশ সুপার পদে ছিলেন

অন্যদিকে জঙ্গিপুর পুলিশ জেলার এসপি আনন্দ রায়কে সালুয়া ইএফআরের থার্ড ব্যাটেলিয়নের কমান্ডিং অফিসার হিসাবে নিযুক্ত করা হয়েছে। । জঙ্গিপুর পুলিশ জেলার নতুন এসপি করা হয়েছে অমিত কুমার সাউকে। তিনি কলকাতা পুলিশের ডিসি (টিপি) পদে ছিলেন।

রাজ্যের স্বরাষ্ট্র দফতর আজ এই মর্মে এক নির্দেশিকা জারি করেছে।

উল্লেখ্য সম্প্রতি ওয়াকফ সংশোধনী আইনকে কেন্দ্র করে গোষ্ঠী সংঘর্ষে উত্তপ্ত হয়ে ওঠে মুর্শিদাবাদ ও জঙ্গিপুরের কিছু এলাকা। প্রাণহানির পাশাপাশি লুটপাট, ভাঙচুরের ঘটনাও ঘটে। ঘটনায় পুলিশের ভূমিকা নিয়েও প্রশ্ন উঠেছিল। তারই জেরে এই বদলি কিনা, তা নিয়ে বিভিন্ন মহলে প্রশ্ন উঠেছে। যদিও নবান্নের দাবি, এটি রুটিন বদলি।

ooooooooooooooooo

কেন্দ্রীয় সরকার পাটজাত পণ্যের উৎপাদন দুই থেকে তিন লক্ষ টন পর্যন্ত বৃদ্ধির লক্ষ্যমাত্রা নিয়েছে। কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী গিরিরাজ সিং জানিয়েছেন, বর্তমানে দেশে প্রায় এক লক্ষ পনের হাজার মেট্রিক টন পাটজাত পণ্যের উৎপাদন হয়। তা বাড়ানো হবে। কলকাতায় আজ আইসিএআরএ ন্যাশনাল ইনস্টিটিউট অফ ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি সংস্থায় পাট শিল্পের কাঁচা মাল ব্যাংকের উদ্বোধন করে

তিনি ভাষণ দিচ্ছিলেন। পাট শিল্পের কাঁচামাল ব্যাংক প্রসঙ্গে মন্ত্রী বলেন, এই ব্যাঙ্ক থেকে মহিলারা সহজে কম পয়সায় কাঁচামাল সংগ্রহ করতে পারবেন।

Byte of Giriraj Sing

আইসিএআর ন্যাশনাল ইনস্টিটিউট অফ ন্যাচারাল ফাইবার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির অধিকর্তা ডি বি সাখ্যয়ার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এর আগে কেন্দ্রীয় বস্ত্রমন্ত্রী কলকাতায় ইন্ডিয়ান জুট ইন্ডাস্ট্রিজ রিসার্চ অ্যাসোসিয়েশনের এক অনুষ্ঠানে অংশ নেন। সেখানে টেঁকসই তন্তু ও পোশাকের বাজার বাড়াতে কৃষকদের সহায়তার জন্য বস্ত্র শিল্প সংস্থাগুলির প্রতি আবেদন জানান। তিনি শ্রমিকদের কর্মচারী ভবিষ্যনিধি তহবিলের  অধীনে আর্থিক সুবিধা প্রদান সুনিশ্চিত করারও আবেদন জানান।

oooooooooooooooooooo

বিধাননগরের এসএসসি ভবনের সামনে থেকে অবস্থান প্রত্যাহার করে নিলেন চাকরিহারা শিক্ষকরা। গত সোমবার থেকে এসএসসি ভবনের সামনে ধর্নায় বসেছিলেন তাঁরা। আজ যোগ্য শিক্ষক অধিকার মঞ্চের তরফে মেহবুব মন্ডল জানিয়েছেন, আপাতত এসএসসি ভবনের সামনে থেকে অবস্থান তুলে নিয়ে তাঁরা শহিদ মিনার চত্বরে ধর্নায় বসছেন। সুপ্রিম কোর্টে রায় পুনর্বিবেচনার আর্জি জানানো হবে। সেই কারণে আইনি কাজের সুবিধার্থে এই সিদ্ধান্ত বলে তিনি জানিয়েছেন।

এসএসসি যোগ্য শিক্ষকদের যে তালিকা জেলায় জেলায় পাঠিয়েছে সেই তালিকায় অনেক অসংগতি রয়েছে বলে চাকরিহারাদের অভিযোগ। এই ভুল সংশোধন না করা হলে আগামী সপ্তাহে বিকাশ ভবন ঘেরাওয়ের ডাক দেওয়া হবে বলে তাঁরা হুঁশিয়ারি দিয়েছেন।

oooooooooooooooooooooooo

মিথ্যে মামলায় নিয়োগ আটকে রয়েছে এই অভিযোগে ২০১৬ সালের কর্মশিক্ষা ও শারীরশিক্ষায় প্যানেলের অন্তর্ভুক্ত প্রার্থীরা আজ বিক্ষোভে ফেটে পড়েন কলকাতা হাইকোর্ট চত্বরে।

তাদের দাবী মামলায় স্থগিতাদেশ দিয়ে রেখেছেন বিচারপতি বিশ্বজিৎ বসু । আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্য ও বিচারপতি এই দুইয়ের অসাধু যোগের জন্য তাদের চাকরি হচ্ছে না। প্রত্যেকেই সুপারিশ পেয়েছিলেন নিয়োগ পত্রের। কিন্তু তারপর আর যোগ দিতে পারেননি স্কুলে মামলার জন্য।

আজ আদালতের এ সংক্রান্ত মামলার শুনানি চলার ক্ষোভে ফেটে পড়েন 2016 সালের সুপারিশ পাওয়া ১২৪০ জন চাকরিপ্রার্থী। কলকাতা হাইকোর্টে আইনজীবী বিকাশ রঞ্জন ভট্টাচার্যের চেম্বারের সামনেও তারা বিক্ষোভ দেখান ।

oooooooooooooooooooooooo

উত্তর সিকিমে গতকাল থেকে প্রবল প্রাকৃতিক দূর্যোগ ও লাগাতার বৃষ্টির জেরে লাচেন ও লাচুং এ অনেক পর্যটক আটকে রয়েছেন। মুন্সিথাং ও চুংথাম এবং লাচুং যাওয়ার পথে লিমা তে ধ্বস নামায় দেড় হাজার দেড়েক পর্যটক আটকে রয়েছেন বলে সরকারি সূত্রে জানা গিয়েছে। এর মধ্যে এই রাজ্যের বেশ কিছু পর্যটক ও রয়েছেন। আটকে থাকা পর্যটকদের স্থানীয় থানা, গুরুদ্বার, আইটিবিপির শিবির ও নিকটবর্তী গ্রামে রাখার ব্যবস্থা করা হয়েছে।

পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত পর্যটকদের উত্তর সিকিমে প্রবেশের উপরে নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

বাতিল করা হয়েছে আগে থেকে ইস্যু করা পারমিটও। যুদ্ধকালীন তৎপরতায় রাস্তা মেরামতির কাজ চলেছে। শুরু হয়েছে বিকল্প রাস্তা তৈরির কাজও।

০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিম ও উত্তর-পশ্চিম থেকে আসা শুষ্ক বায়ু প্রবাহে রাজ্যে আগামীকাল পশ্চিমের জেলাগুলিতে তাপপ্রবাহ চলবে। কলকাতা ও সংলগ্ন জেলাগুলিতে অস্বস্তিকর গরম থাকবে।

তবে, উত্তরবঙ্গের দু-একটি জায়গায় আজ বিক্ষিপ্ত বৃষ্টির সম্ভাবনা রয়েছে। রবিবার রাজ্যের সর্বত্র বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান সোমনাথ দত্ত আকাশবাণীকে জানিয়েছেন।

(বাইট - ডঃ সোমনাথ দত্ত)

এদিকে, কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্র ছিল ৩৫ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকে থেকে যা সামান্য কম। সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮ দশমিক ৮ ডিগ্রী সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় যা প্রায় আড়াই ডিগ্রী বেশি।

০০০০০০০০০০০০০০০০০০০০

কন্টেন্ট তৈরির জগতে এক নতুন দিকের সূচনা করতে চলেছে ওয়ার্ল্ড অডিও ভিজুয়াল এন্ড এন্টারটেইনমেন্ট সামিট WAVES সম্মেলন। আগামী বৃহস্পতিবার পয়লা মে থেকে রবিবার ৪ ঠা মে পর্যন্ত মুম্বাইয়ের জিও কনভেনশন সেন্টারে আয়োজন করা হবে মূল পর্ব এর ।

VFX ( ভি এফ এক্স), কমিকস, ভার্চুয়াল রিয়েলিটি সহ একাধিক বিষয়ে ফাইনাল হবে।

কলকাতার সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট এ আজ WAFX WAVES VFX চ্যালেঞ্জ ইস্ট জোনাল রাউন্ড অনুষ্ঠিত হয় । তথ্য ও সম্প্রচার মন্ত্রক ও

ABAI ( আবাই) এর ব্যবস্থাপনায় ইস্ট জোনাল রাউন্ড এ ১৭ টি VFX এন্ট্রি থেকে স্টুডেন্ট ক্যাটাগরি তে দুটি এবং প্রফেশনাল ক্যাটাগরি তে একটি VFX content, চূড়ান্ত পর্যায়ের জন্য নির্বাচিত হয়।

অনুষ্ঠানে জুরি হিসেবে উপস্থিত ছিলেন Wackytoon Studio Pvt LTD এর চিফ এক্সিকিউটিভ অফিসার নিলয় কান্তি বিশ্বাস এবং অ্যানিমেটজোন এর ফাউন্ডার ডিরেক্টর শুভ্র চক্রবর্তী ।

(নিলয় কান্তি বিশ্বাস আকাশবাণী কে জানালেন WAVES সম্মেলন বিভিন্ন বিষয়ে কন্টেন্ট তৈরি কে উৎসাহিত করে চলেছে। )

শুভ্র চক্রবর্তী আকাশবাণী কে WAVES সম্পর্কে বলেন , সরকার সৃজনমূলক বিভিন্ন বিষয়ে নানা সংস্থা কে সঙ্গে নিয়ে WAVES এর আয়োজন করেছে।

( বাইট)

০০০০০০০০০০০০০০০০০০০০০